দৈনিক ইনকিলাব

63

তারিখ NOV. 1 7 1999
পৃষ্ঠা ৬ কলাম ৮

## ইবতেদায়ী পাঠ্য বইয়ের ভুল প্রসংগে

ইবতেদায়ী নতুন সিলেবাসের অন্তর্ভুক্ত ৫ম শ্রেণীর আরবী ও ইংরেজী বইতে মারাত্মক ভুল রয়েছে। এছাড়া ৪র্থ শ্রেণীর ইংরেজী বইতে রয়েছে অসংখ্য বানান ভুল। যার দরুন কচি শিশুরা বিভ্রান্তির মধ্যে পড়েছে।

উদাহরণস্বরূপ ঃ ৫ম শ্রেণীর আরবী বইয়ের উনবিংশতম পাঠে (বাংলাদেশের মানচিত্র গল্প) ৮৪ পৃষ্ঠায় বাংলাদেশের আয়তন ১,২৫০০০ এক লক্ষ পঁচিশ হাজার বর্গ কিলোমিটার লেখা হয়েছে আবার একই ক্লাসের ইংরেজী বইয়ের Lesson ninteen-এর Our Homeland বিষয়ের B-Read ৯২ পৃষ্ঠায় বাংলাদেশের আয়তন ১,৪৪০০০ এক লক্ষ চুয়াল্লিশ হাজার বর্গ কিলোমিটার লেখা হয়েছে। এখন প্রশ্ন হল, বাংলাদেশের আয়তনের ক্ষেত্রে একই ক্লাসের দুইটি বইয়ে দু'রকম তথ্য, তাহলে কোনটি ঠিক আর কোনটি ভুল? আবার ৪র্থ শ্রেণীর ইংরেজী বইতে রয়েছে অসংখ্য শব্দ ও বানান ভুল।

অতএব, বোর্ড ও উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আমাদের আবেদন, উল্লেখিত বইয়ের ভুলগুলো সংশোধন পূর্বক পরবর্তী সেশনের বই বাজারজাত করার ব্যবস্থা নেয়া হোক

-এম মনছুর আলম
শিক্ষক- শাহ্ জব্বারিয়া আদর্শ মাদ্রাসা,
মেহের ঘোনা,
ঈদগাহ- কক্সবাজার।